গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.১৬.০০০১.২৬.৪৩ তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

বিষয়: **নির্বাচনী অঙ্গীকার '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে করণীয় নির্ধারণ সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৮ জুন ২০২৬ তারিখের ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.২৬.৭৭ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৭ জুন ২০২৬ তারিখে সরকারের নির্বাচনী অঙ্গীকার '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে করণীয় নির্ধারণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ দপ্তর সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. উল্লেখ্য যে, সরকারের নির্বাচনী অঙ্গীকার '৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি নির্দিষ্ট সময় পরপর এ দপ্তরকে অবহিত করতে হবে।

**সংযুক্তিঃ**
(১) বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়নের কার্যবিবরণী

০১-০৭-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অধ্যক্ষ (সকল), ------------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি সার্ভে ইনস্টিটিউট, সরকারি গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ সরকারি ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------------।
২। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৩। অধ্যক্ষ (সকল), ----------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, --------------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.১৬.০০০১.২৬.৪৩/১ (৯) তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। সংরক্ষণ নথি, শাখা-২, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০১-০৭-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নম্বর ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.২৬.৭৭

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮জুন ২০২৬

বিষয়: সরকারের নির্বাচনী অঙ্গীকার "০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" কর্মসূচির বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের করণীয় নির্ধারণ সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সরকারের নির্বাচনী অঙ্গীকার "০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" কর্মসূচির বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের করণীয় নির্ধারণের জন্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৭ জুন ২০২৬ তারিখ বুধবার সকাল ১১.০০ টায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সভাকক্ষে (কক্ষ নং-১৪১৫, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) সভা অনুষ্ঠিত হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারের নির্বাচনী অঙ্গীকার "০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ" কর্মসূচির বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের করণীয় নির্ধারণ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(ড. মো: মনিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৫৫১০১৩৪৮
sascordinet@tmed.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা;
৪। যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া;
৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
৮। উপসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৯। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

স্মারক নম্বর ৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০১.২৬.৭৭/১(৩)

তারিখ: ১৪ আষাঢ় ১৪৩৩
২৮ জুন ২০২৬

**অনুলিপি প্রেরণ করা হলো: (সদয় জ্ঞাতার্থে)**

১) সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, **[দৃ: আ: উপসচিব, বন অধিশাখা-১, বাংলাদেশ সচিবালয়];**
২) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩) অফিস কপি।

(ড. মো: মনিরুল ইসলাম)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

**বিষয়: সরকারের নির্বাচনীর অঙ্গীকার ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নে এ বিভাগের করণীয় বিষয়ক সভার কার্যবিবরণী**

**সভাপতি** : জনাব মো: দাউদ মিয়া এনডিসি
সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
**তারিখ** : ১৭ জুন ২০২৬, সময়: সকাল ১১:৩০ ঘটিকা
**স্থান** : সভাকক্ষ (কক্ষ নং ১৪১৫, ভবন নং ৬)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও জুম ক্লাউড**

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অত:পর সভার আলোচ্যসূচি সভাপতির অনুমতিক্রমে উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সরকারের নির্বাচনীর অঙ্গীকার ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচি অবহিতকরণ ও বাস্তবায়ন | দেশব্যাপি পরিকল্পিত উপায়ে ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ' শীর্ষক অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচির জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে মাননীয় প্রতিমন্ত্রী; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-কে সভাপতি করে জাতীয় সেল গঠিত হয়েছে। উক্ত সেলের সহায়ক টাস্কফোর্সে অন্যতম সদস্য হিসেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর প্রতিনিধি হিসেবে জনাব আনিসুল ইসলাম, যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা-কে মনোনয়ন দেয়া হয়েছে এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তার দায়িত্বার্পণ করা হয়েছে।<br>মাননীয় প্রধানমন্ত্রী ১৩ জুন ২০২৬ কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার দুলাহাজারায় বৃক্ষরোপণ কর্মসূচিটির সদয় শুভ উদ্বোধন করেছেন এবং দেশব্যাপি কার্যক্রমের সূচনা করেন। উদ্যোক্তা মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় বৈজ্ঞানিক তথ্যাদিসহ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরভিত্তিক দায়িত্বাদি সুপারিশের প্রেক্ষিতে নির্ধারণ/প্রণয়ন করে বিতরণ করা হয়েছে। | বৃক্ষরোপণ কর্মসূচির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে গঠিত জাতীয় সেলের সহায়ক টাস্কফোর্সের সাথে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়মিত যোগাযোগ রাখবেন এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত এ বিভাগের আওতাধীন সংস্থাকে অবহিত করতে হবে। এ বিভাগের বর্তমান আর্থিক সীমাবদ্ধতা ও তা থেকে উত্তরণের বিষয়ে টাস্কফোর্সকে অবহিত করবেন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা; সকল দপ্তর-সংস্থা |
| ০২ | এ বিভাগের নিজস্ব প্রাথমিক কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পথ নির্দেশিকা | বৃক্ষরোপণের লক্ষ্যার্জনে এ বিভাগের নিজস্ব প্রাথমিক কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পথ নির্দেশিকা নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের সক্ষমতার নিরিখে প্রণয়ন করে উদ্যোক্তা পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে গত ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ প্রেরণ করা হয়েছে। কর্মপরিকল্পনা মোতাবেক এ বিভাগের আওতাধীন শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীর মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে, রাস্তার পাশে, নিজ বাড়িতে এবং ব্যক্তিগত জমিতে (সুবিধামত স্থানে) প্রতি বছর প্রায় ৪৩ লক্ষ অর্থাৎ ৫ | প্রত্যেক শিক্ষার্থী বছরে ১ (এক)টি করে বৃক্ষের চারা রোপণ করবে এবং রোপিত চারার যথাযথ পরিচর্যায় শিক্ষার্থীকে সম্পৃক্ত করতে হবে। | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (পাঁচ) বছরে প্রায় ২ কোটি ১৫ লক্ষ বৃক্ষরোপণ করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বন বিভাগ ও কৃষি বিভাগের সাথে যোগাযোগ করে বৃক্ষের চারা সংগ্রহ করবে। সংশ্লিষ্ট বিভাগ হতে চারা সংগ্রহ সম্ভব না হলে প্রতিষ্ঠান স্ব-অর্থায়নে চারা সংগ্রহ করে সরবরাহ করবে। শুধুমাত্র শিক্ষার্থীগণকে বৃক্ষরোপণে সম্পৃক্ত করতে হবে মর্মে সভায় আলোচনা হয় | | |
| ৩. | "One child One plant" | "One child One plant" কর্মসূচির আওতায় প্রত্যেক বাচ্চা যে কোন উৎস থেকে চারা সংগ্রহ করে শিক্ষা প্রতিষ্ঠান বা বাড়ির আঙ্গিনায় একটি করে বৃক্ষরোপণ করে পরিচর্যার ব্যবস্থা নিশ্চিত করবে এবং প্রত্যেক বাচ্চাকে চারা রোপণে উদ্বুদ্ধ করতে হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। | শিক্ষা প্রতিষ্ঠান/ নিজ বাড়ীর আঙ্গিনায় বৃক্ষরোপন ও যথাযথ পরিচর্যা করার ব্যাপারে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে। | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |
| ৪. | শিক্ষা প্রতিষ্ঠানের বৃক্ষরোপণের তথ্য সংগ্রহ | দেশব্যাপি বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় বৃক্ষরোপণের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আওতাধীন প্রতিষ্ঠানের আঙ্গিনায় নিজ উদ্যোগ বৃক্ষের চারা রোপণ ও রোপণকৃত চারার তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনায় নিজ উদ্যোগে কি পরিমাণ চারা রোপণ করা হয়েছে তার তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর; মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড |
| ৫. | লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট থেকে বৃক্ষরোপণে অর্থ সহায়তা | লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্টের আওতায় জলবায়ু কর্মসূচি থেকে বৃক্ষরোপণের লক্ষ্যে চারা ক্রয়ের জন্য অর্থ সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | চারা ক্রয়ের জন্য অর্থ প্রাপ্তির লক্ষ্যে প্রকল্প পরিচালককে পত্র প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬. | ট্রি মনিটরিং অ্যাপে আওতায় রোপিত বৃক্ষ অন্তর্ভূক্তিকরণ | শিক্ষর্থী/শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে যারাই বৃক্ষরোপণ করুক না কেন, সকলকে এ কর্মসূচির আওতাধীন "ট্রি মনিটরিং অ্যাপ" এ অন্তর্ভুক্ত হতে হবে মর্মে সভায় আলোচনা হয়। যেহেতু অ্যাপের কার্যক্রম পরিচালনা আর সময় সাপেক্ষ ব্যাপার, সেহেতু চলমান বর্ষা মৌসুমেই বৃক্ষরোপণ শুরু করতে হবে। পরে তা অ্যাপে অন্তর্ভূক্ত করতে হতে হবে। | ট্রি মনিটরিং অ্যাপ এ রোপিত বৃক্ষ এর প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভূক্ত করতে হবে। | এ বিভাগের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর-সংস্থা |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/৬/২৩

মো: দাউদ মিয়া এনডিসি
সচিব